




“সতর্কীকরণ বিজ্ঞপ্তি”

স্মারক নং-০৫.১০.০৯০০.০০৫.০০৪.০৫.২০১৮-৭৬৫

তারিখ:- ২৩-০৭-২০১৯ খ্রি.

সম্মানিত ভোলা জেলাবাসী (সংশ্লিষ্ট উপজেলার নাম বলতে হবে) পদ্মা সেতু নির্মাণকাজ পরিচালনায় মানুষের মাথা লাগবে বলে একটি কুচক্রী মহল বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে ছেলে ধরা সংক্রান্ত গুজব অপপ্রচার চালাচ্ছে। সম্প্রতি এ গুজবকে কেন্দ্র করে ছেলে ধরা সন্দেহে দেশের বিভিন্ন জায়গায় নিহতের ঘটনা ঘটছে। বিষয়টি জেলা প্রশাসনের নজরে এসেছে। এ ধরনের গুজব ছড়ানো কর্মকাণ্ড ফৌজদারি অপরাধ ও শাস্তি যোগ্য। তাই এ ধরনের মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন গুজব বিশ্বাস না করার জন্য জনসাধারণকে অনুরোধ করা হলো। যদি আপনাদের এলাকায় কোনও সন্দেহজনক ব্যক্তি/মহিলার অবস্থান দেখা যায় তাহলে স্থানীয় আইন-শৃঙ্খলা বাহিনী অথবা স্থানীয় প্রশাসনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। প্রকৃতপক্ষে পদ্মা সেতু নির্মাণকাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে। আসুন আমরা সকলে সচেতন হই এবং গুজবে কান দেয়া থেকে বিরত থাকি।


২৩/০৭/২০১৯
(মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক)
জেলা ম্যাজিস্ট্রেট
ভোলা
ফোনঃ ০৪৯১-৬২৪০০

- ১। উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর/ দৌলতখান/ বোরহানউদ্দিন/ তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন ও মনপুরা, ভোলা। তাঁকে প্রেস নোটটি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সকল ওয়ার্ড পর্যায়ে বহুল প্রচারের অনুরোধসহ।
- ২। জেলা তথ্য অফিসার, ভোলা। তাঁকে প্রেস নোটটি জেলা সদরে বহুল প্রচারের অনুরোধসহ।